ভোরের কাগজ

তারিখ JAN. 5 1999
পৃষ্ঠা ১০ কলাম ৪

55

# সলিমুল্লাহ মেডিকেল কলেজে অটোভেকেশন পালনকারীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ

স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজের ১৯৯৭-৯৮ সেশনের ১ম বর্ষের ছাত্রছাত্রীগণ কলেজে চলমান পরীক্ষা উপেক্ষা করে ও কলেজ কর্তৃপক্ষের বিনা অনুমতিতে নিজেরাই গত ২১ ডিসেম্বর থেকে অটোভেকেশন ঘোষণা দিয়ে কলেজ ক্যাম্পাস ত্যাগ করছে বলে রোববার এক সরকারি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে। এ পরিপ্রেক্ষিতে গত ৩১ ডিসেম্বর কলেজের এক জরুরি বর্ধিত একাডেমিক কাউন্সিলের সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত অনুযায়ী প্রথম বর্ষের সকল ছাত্রছাত্রীকে আগামীকাল মঙ্গলবারের মধ্যে ক্লাশে যোগদান করার নির্দেশ দেওয়া হয়েছে। যারা ৬ থেকে ৭ জানুয়ারি তারিখে যোগ দেবে তাদের ২০০ টাকা জরিমানা করা হবে। যারা ৭ জানুয়ারির মধ্যে ক্লাশে যোগ দেবে না তাদের কলেজে প্রথম বর্ষের ভর্তি বাতিল করা হবে। এ ছাড়া পূর্ব ঘোষিত এনাটমি বিভাগের পরীক্ষা অপরিবর্তিত থাকবে বলে সংশ্লিষ্ট সূত্রে বলা হয়েছে। তথ্য বিবরণী।